

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী

পুরাতন ৮৬ বিজয়নগর, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল এর ৫৪ তম কাউন্সিল সভায় ডা. সোহেলী ইসলাম এর বিরুদ্ধে প্রসূতি রিয়া খাতুন ও প্রসূতি সুখজানের চিকিৎসাকার্ষে আনীত ভিন্ন ভিন্ন অভিযোগের দায় প্রমাণিত হওয়ায় বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন ২০১০ (৬১ নং আইন) এর ধারা ২৩(১) এবং বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল প্রবিধানমালা ২০২২ এর বিধান ৩৬(৪)(খ) অনুযায়ী কাউন্সিলের রেজিস্টার হতে তার নিবন্ধন নম্বর A-95890; Date of Registration:17.07.2019 বাতিলপূর্বক ০১(এক) বছরের জন্য তার নাম সাময়িকভাবে প্রত্যাহার করা হয়েছে।

উক্ত আইনের ধারা ২২(১) অনুযায়ী এই সময়ে তিনি বাংলাদেশের অভ্যন্তরে মেডিকেল চিকিৎসক হিসেবে কোন এলোপ্যাথি চিকিৎসা অথবা নিজেকে মেডিকেল চিকিৎসক হিসেবে পরিচয় প্রদান করতে পারবেন না। নিষেধাজ্ঞাটি ০১/০৩/২০২৬ইং তারিখ থেকে কার্যকর হবে।



ডা. মো: লিয়াকত হোসেন

রেজিস্টার (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল